

আটাব/সার্কুলার/২০২৫/১১২

১৭ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিঃ

সম্মানিত সকল সদস্য, আটাব।

বিষয়ঃ- বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ব্যাংক গ্যারান্টি ১০ লক্ষ টাকা নির্ধারণ।

সম্মানিত সদস্যবৃন্দ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

এতদ্বারা সকল সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্মানিত আটাব সদস্য ট্রাভেল এজেন্সিদের বিভিন্ন সমস্যা সমাধানকল্পে গত ২২ শে জানুয়ারি ২০২৫ ইং তারিখে আটাব সভাপতি জনাব আবদুস সালাম আরেফ এর বলিষ্ঠ নেতৃত্বে বর্তমান কমিটি ও বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এর ব্যবস্থাপনা পরিচালকের সাথে একটি জরুরি সভা অনুষ্ঠিত হয় এবং সভায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ট্রাভেল এজেন্সিদের থেকে অতিরিক্ত ২৫ লক্ষ টাকা ব্যাংক গ্যারান্টি গ্রহণ করা বন্ধ করার দাবি জানানো হয়। এ বিষয়ে আটাবের দীর্ঘ আলোচনা, বৈঠক ও দাবির পরিপ্রেক্ষিতে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের টিকেটিং অথরিটি গ্রহণের ক্ষেত্রে নতুন ট্রাভেল এজেন্সিদের জন্য অতিরিক্ত ব্যাংক গ্যারান্টি ২৫ লক্ষ টাকা থেকে কমিয়ে ১০ লক্ষ টাকা কার্যকর করেছে। যে সকল নতুন ট্রাভেল এজেন্সি সদস্যগণ বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের টিকেটিং অথরিটি গ্রহণ করতে আগ্রহী তাদের বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের জেলা অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

আটাব সর্বদা সদস্যদের কল্যাণে নিয়োজিত।

ধন্যবাদান্তে,

*Afiya Khanat*

আফসিয়া জান্নাত সালাহ  
মহাসচিব

সংযুক্তিঃ-

- ১) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স কর্তৃক প্রেরিত ইমেইলের কপি।